



# ফুড সাব-ইনস্পেক্টর পদের পরীক্ষা প্রস্তুতি: ২

পশ্চিমবঙ্গ খাদ্য ও সরবরাহ দপ্তরে ৯৫৭ জন ফুড সাব-ইনস্পেক্টর নিয়োগ করা হবে, ওয়েস্ট বেঙ্গল সার্ভিসেস ফুড অ্যান্ড সাপ্লাইজ সার্ভিস গ্রেড-থ্রিতে। পিএসসির পরীক্ষার মাধ্যমে নিয়োগ হবে।

লেখা পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লেখা পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন থাকবে। জেনারেল স্টাডিজ (৫০ নম্বর) ও অ্যারিথমেটিক (৫০ নম্বর) বিষয়ের উপর। মোট ১০০ নম্বরের পরীক্ষা, সময় ১ ঘণ্টা ৩০ মিনিট। জেনারেল স্টাডিজ থাকবে দৈনন্দিন বিজ্ঞানের সাধারণ অভিজ্ঞতা, সাম্প্রতিক ঘটনাবলি (ভারতীয় ঘটনাবলিতে বিশেষ গুরুত্ব সহ), ভারতীয় ইতিহাস ও ভূগোলের প্রাথমিক জ্ঞান সম্পর্কিত প্রশ্ন। অ্যারিথমেটিকে মাধ্যমিক স্তরের অঙ্ক থাকবে মেন্টাল এবিলিটি সহ। পরীক্ষা দেওয়া যাবে ইংরেজি বা বাংলায়, দুয়ের মধ্যে যে-কোনও একটি ভাষায়।

১. তরুণ প্রতিভা চিহ্নিত করতে সম্প্রতি ওড়িশা সরকার কোন প্রকল্প চালু করেছে?  
(a) Mu Hero, Mu Odisha  
(b) Mu Power, Mu Odisha  
(c) Mu Startup, Mu Odisha  
(d) Mu Youth, Mu Odisha
২. 'অটল জি নে কহা' বইটির লেখক কে?  
(a) ডি এস নায়াক  
(b) অনু কাপুর  
(c) ব্রিজেন্দ্র রেহি  
(d) চিত্রা ব্যানার্জি
৩. জ্যাভলিনে প্রথম ভারতীয় হিসেবে এশিয়ান গেমসে কে সোনা জেতেন?  
(a) নীরাজ চোপড়া  
(b) শিবপাল সিং  
(c) অর্জুন মেঘওয়াল  
(d) পারসা সিংহ
৪. মেয়েদের সুরক্ষা নিশ্চিত করতে সম্প্রতি ভারতের কোন রাজ্য সরকার 'ছত্র পরিবহন সুরক্ষা যোজনা' চালু করেছে?  
(a) হরিয়ানা  
(b) পশ্চিমবঙ্গ  
(c) রাজস্থান  
(d) বিহার
৫. 'সুপা বাঁধ' ভারতের কোন রাজ্যে অবস্থিত?  
(a) উত্তরাখণ্ড  
(b) রাজস্থান  
(c) উত্তর প্রদেশ  
(d) কর্ণাটক
৬. সাংবাদিকতার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য ২০১৮ সালে কে 'রেডইঙ্ক পুরস্কার' -এ জীবনকৃতি সম্মান পান?  
(a) স্যার উইলিয়াম মার্ক টুল্লি  
(b) কবির আগরওয়াল  
(c) আর রামাচন্দ্রণ  
(d) কোনোটি সঠিক নয়
৭. বার্ষিক শতকরা যত হার সুদে কোনো টাকা ২০ বছরে দ্বিগুণ হয়, তত হার সুদে কত মূলধন থেকে ৪ বছরে ৭২০ টাকা সর্বদ্বিগুণ হবে?  
(a) ৫০০ টাকা  
(b) ৩০০ টাকা  
(c) ৫৫০ টাকা  
(d) ৬০০ টাকা
৮. 'আলিনগরের সন্ধি' কবে হয়?  
(a) ১৬৫৭ সালে  
(b) ১৭৫৭ সালে  
(c) ১৮৫৭ সালে  
(d) কোনোটি সঠিক নয়
৯. 'পশ্চিমবঙ্গের দোসর' কোন রাজ্যকে বলা হয়?  
(a) বিহার  
(b) ঝাড়খণ্ড  
(c) ত্রিপুরা  
(d) উত্তর প্রদেশ
১০. পোখরা উপত্যকা কোন দেশে অবস্থিত?  
(a) জাপান  
(b) নেপাল  
(c) চীন  
(d) ভূটান
১১. শাহরাজ রিজভি কোন খেলার সঙ্গে যুক্ত?  
(a) ক্রিকেট  
(b) শ্যুটিং  
(c) রেসলিং  
(d) ভলিবল
১২. একটি দ্রব্য ২২ টাকা ৫০ পয়সায় বিক্রি করায় শতকরা ১০ টাকা ক্ষতি হল; কত মূল্যে ওটি বিক্রি করলে ১০% লাভ হত?  
(a) ২৬.৪০ টাকা  
(b) ২৭.৫০ টাকা  
(c) ২১.৫০ টাকা  
(d) ২২.৫০ টাকা
১৩. কোন ভারতীয় অভিনেতাকে সম্প্রতি ব্রিটেনের 'এশিয়ান ভয়েস' পত্রিকা জীবনকৃতি সম্মান দিয়েছে?  
(a) অনুপম খের  
(b) নাসিরুদ্দিন শাহ  
(c) শত্রুঘ্ন সিনহা  
(d) অমিতাভ বচ্চন
১৪. মারাঠি ভাষার প্রচার এবং প্রসারের জন্য মহারাষ্ট্র সরকার কোন সংস্থার সঙ্গে চুক্তি করেছে?  
(a) গুগল  
(b) অ্যাপেল  
(c) ইউটিউব  
(d) উইকিপিডিয়া
১৫. ইদুক্কি বাঁধ কোন নদীর ওপর তৈরি?  
(a) কাবেরী  
(b) ভদ্রা  
(c) পেরিয়ার  
(d) কোনোটি সঠিক নয়
১৬. পোনমুড়ি পাহাড় ভারতের কোন রাজ্যে?  
(a) সিকিম  
(b) কেরালা  
(c) কর্ণাটক  
(d) তামিলনাড়ু
১৭. 'ডন' সোসাইটি কে প্রতিষ্ঠা করেন?  
(a) নবগোপাল মিত্র  
(b) সতীশচন্দ্র মুখোপাধ্যায়  
(c) শচীন্দ্রপ্রসাদ বসু  
(d) কোনোটি সঠিক নয়
১৮. প্রতি বছর জাতীয় ক্রিড়া দিবস কবে পালিত হয়?  
(a) ২৭ আগস্ট  
(b) ২৮ আগস্ট  
(c) ২৯ আগস্ট  
(d) ৩০ আগস্ট
১৯. কত সালে দিল্লিতে দাস বংশের প্রতিষ্ঠা হয়?  
(a) ১২০৬ সালে  
(b) ১২১০ সালে  
(c) ১৩১০ সালে  
(d) ১৩০৬ সালে
২০. ২০১৯ এশিয়ান ইয়ুথ ওয়েটলিফ্টিং চ্যাম্পিয়নশিপ কোন দেশে অনুষ্ঠিত হবে?  
(a) ভারত  
(b) ভূটান  
(c) উত্তর কোরিয়া  
(d) শ্রীলঙ্কা
২১. টেলিকম রেগুলেটরি অথরিটি অব ইন্ডিয়া (TRAI)-র চেয়ারম্যানের দায়িত্ব সম্প্রতি কে পান?  
(a) রাম সেবক শর্মা  
(b) বিক্রম লিমায়ে  
(c) রজন ম্যাথু  
(d) কোনোটি সঠিক নয়
২২. সম্প্রতি ভারতের কোন রাজ্যে 'ওয়ান ডিস্ট্রিক্ট ওয়ান প্রোডাক্ট' সম্মেলন অনুষ্ঠিত হয়?  
(a) অন্ধ্রপ্রদেশ  
(b) কেরালা  
(c) উত্তর প্রদেশ  
(d) অসম
২৩. ঘর্ষার যুদ্ধ কাদের মধ্যে সংগঠিত হয়?  
(a) বাবার ও রানা প্রতাপ  
(b) বাবার ও মাহমুদ লোদি  
(c) হুমায়ুন ও শেরশাহ  
(d) বাবার ও ইব্রাহিম লোদি
২৪. ইংরেজরা কত সালে ভারতে প্রথম নীল চাষ করে?  
(a) ১৭৭৯ সালে  
(b) ১৭৮০ সালে  
(c) ১৭৮১ সালে  
(d) ১৭৮২ সালে
২৫. পৃথিবীর সবথেকে উজ্জ্বল গ্রহের নাম কী?  
(a) বুধ  
(b) বৃহস্পতি  
(c) শুক্র  
(d) মঙ্গল
২৬. কোন সুলতানের রাজত্বকালে অশোকগুপ্ত দিল্লিতে স্থানান্তরিত হয়?

- (a) মহম্মদ বিন তুঘলক (b) ফিরোজ শাহ তুঘলক  
(c) আলাউদ্দিন খলজি (d) ইলতুতমিস

27. ভারতীয় সংসদের উচ্চকক্ষ কী নামে পরিচিত?

- (a) রাজ্যসভা (b) লোকসভা  
(c) সেক্রেটারিয়েট (d) ডিরেক্টরেট

28. কোনো একটি ভগ্নাংশের লবের সঙ্গে 1 যোগ করলে এবং হর থেকে 1 বিয়োগ করলে তা 1 হয়; কিন্তু লবের সঙ্গে হর যোগ করলে এবং হর থেকে লব বিয়োগ করলে ভগ্নাংশটি 6 হয়। ভগ্নাংশটি নির্ণয় করতে হবে।

- (a)  $\frac{5}{6}$  (b)  $\frac{5}{7}$   
(c)  $\frac{2}{3}$  (d)  $\frac{8}{9}$

29. সূর্যের কোন অংশ আমাদের চোখে দৃশ্যমান হয়?

- (a) ক্রোমোস্ফিয়ার (b) ফোটোস্ফিয়ার  
(c) করোনা (d) কোনোটি সঠিক নয়

30. সম্প্রতি প্রকাশিত ধনী দেশের তালিকায় ভারতের স্থান কত?

- (a) প্রথম (b) দ্বিতীয়  
(c) তৃতীয় (d) চতুর্থ

## ANSWERS

1. (a) 2. (c) 3. (a) 4. (a) 5. (d) 6. (a) 7. (d) প্রথমপক্ষে, 100 টাকা আসল হলে সবদ্বিমূল 200 টাকা হয়।

সুতরাং, 100 টাকার 20 বছরের সুদ = 200 টাকা - 100 টাকা = 100 টাকা

∴ 100 টাকার 1 বছরের সুদ =  $\frac{100}{20}$  টাকা = 5 টাকা

দ্বিতীয়পক্ষেও 100 টাকার 1 বছরের সুদ = 5 টাকা।

∴ 100 ,, 4 ,, ,, = 20 টাকা।

অতএব, (100 + 20) টাকা বা, 120 টাকা সবদ্বিমূল হলে আসল = 100 টাকা

∴ 1 টাকা সবদ্বিমূল হলে আসল =  $\frac{100}{120}$  টাকা =  $\frac{5}{6}$  টাকা

∴ 720 ,, ,, ,, =  $\left(\frac{5}{6} \times 720\right)$  টাকা = 600 টাকা।

∴ নির্ণেয় আসল = 600 টাকা।

8. (b) 9. (c) 10. (b) 11. (b) 12. (b) ক্রয়মূল্যের (100 - 10)%

বা 90% = 22 টাকা 50 পয়সা =  $\frac{45}{2}$  টাকা

∴ ,, 1% =  $\frac{45}{2 \times 90}$  টাকা =  $\frac{1}{4}$  টাকা

∴ ,, (100 + 10)%

বা 110% =  $\frac{1}{4}$  টাকা  $\times$  110 =  $27\frac{1}{2}$  টাকা

∴ নির্ণেয় বিক্রয়মূল্য = 27 টাকা 50 পয়সা।

13. (c) 14. (d) 15. (c) 16. (b) 17. (b) 18. (c) 19. (a) 20.

(c) 21. (a) 22. (c) 23. (c) 24. (a) 25. (c) 26. (a) 27. (a)

28. (b) মনে করুন, ভগ্নাংশটি =  $\frac{x}{y}$ ,

এখন প্রথম শর্তানুসারে,  $\frac{x+1}{y-1} = 1 \dots (1)$

এবং দ্বিতীয় শর্তানুসারে,  $\frac{x+y}{y-x} = 6 \dots (2)$

(1) থেকে পাই  $x + 1 = y - 1$ , ∴  $x - y = -2 \dots (3)$

(2) থেকে পাই  $x + y = 6y - 6x$ ,

∴  $7x = 5y$ , ∴  $x = \frac{5}{7}y \dots (4)$

(3) এ  $x = \frac{5}{7}y$  বসিয়ে পাই,  $\frac{5}{7}y - y = -2$  বা,  $-\frac{2}{7}y = -2$ .

∴  $y = 7$ ; ∴  $x = \frac{5}{7}y = \frac{5}{7} \times 7 = 5$  ∴ নির্ণেয় ভগ্নাংশ =  $\frac{5}{7}$ .